

Resilient Homestead and Livelihood Support to the Vulnerable Coastal People of Bangladesh (RHL) Project

কাঁকড়া চাষ: জলবায়ু পরিবর্তন সহনশীল প্রযুক্তির মাধ্যমে টেকসই জীবিকায়ন

জলবায়ু পরিবর্তন সহনশীল প্রযুক্তি হিসেবে বাংলাদেশের উপকূলীয় লবণাক্ত অঞ্চলে কাঁকড়া চাষের বিপুল সম্ভাবনা রয়েছে। তবে, কাঁকড়া চাষ বিষয়ে সচেতনতা ও দক্ষতার অভাব, অবকাঠামোগত ব্যয়, প্রাকৃতিক দুর্যোগ ইত্যাদি ঝুঁকির কারণে দীর্ঘদিন ধরে এই সম্ভাবনা পুরোপুরি কাজে লাগানো যায়নি। এই বাস্তবতার প্রেক্ষিতে RHL প্রকল্প একটি কৌশলগত ও সমন্বিত কার্যক্রম বাস্তবায়ন করছে, যার লক্ষ্য জলবায়ু পরিবর্তনের কারণে ঝুঁকিপূর্ণ উপকূলীয় জনগোষ্ঠীকে দক্ষ কাঁকড়া উৎপাদনকারী হিসেবে গড়ে তোলার মাধ্যমে তাঁদের আত্মনির্ভরশীলতার সুযোগ সৃষ্টি করা এবং জলবায়ু পরিবর্তন সহনশীলতা বৃদ্ধি করা।

RHL প্রকল্পের কাঁকড়া চাষ কার্যক্রমের আওতায় উপকূলীয় প্রান্তিক মানুষদের প্রযুক্তিগত সক্ষমতা বৃদ্ধি, আর্থিক সহায়তা এবং ধারাবাহিক পরামর্শ প্রদান করা হচ্ছে। বিশেষজ্ঞ কারিগরি দিকনির্দেশনা ও সহজলভ্য অর্থায়নের সমন্বয়ে উপকূলীয় মানুষদের মধ্যে একদিকে যেমন কাঁকড়া চাষের আগ্রহ বেড়েছে, তেমনিভাবে কাঁকড়া চাষের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি পেয়েছে। ফলশ্রুতিতে উপকারভোগী পরিবারের আয় বৃদ্ধি পেয়েছে এবং তাঁদের জীবনযাত্রায় দৃশ্যমান পরিবর্তনের সুযোগ সৃষ্টি হয়েছে।

RHL প্রকল্পের এই উদ্যোগ শুধু বিকল্প আয়ের একটি সুযোগ সৃষ্টি করেনি, বরং উপকারভোগী পরিবারগুলোকে পরিবর্তনশীল পরিবেশের সঙ্গে খাপ খাইয়ে নিতে ও অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হতে সহায়তা করছে, যার ফলে তাঁদের মধ্যে জলবায়ু পরিবর্তন সহনশীলতা জোরদার হয়েছে।

জলাবদ্ধ জমি থেকে টেকসই জীবিকা

“ কাঁকড়া চাষ আমার পরিবারকে স্বপ্ন দেখার সাহস জুগিয়েছে। উপকূলীয় নারীরা যদি সঠিক সহায়তা পায়, তাহলে তাঁরা শুধু ঘর নয়, ভবিষ্যৎও বদলে দিতে পারে। ”



রেখা মন্ডল

উপকূলীয় এলাকায় বসবাসকারী রেখা মন্ডলের জীবন কখনোই সহজ ছিল না। মাত্র পনেরো বছর বয়সে তাঁর বিয়ে হয়। ভ্যানচালক স্বামী বাপী মন্ডলের সামান্য দৈনিক আয় দিয়ে তাঁর পাঁচ সদস্যের পরিবারের প্রতিদিনের খাবার, সন্তানদের পড়াশোনার খরচ ও অন্যান্য প্রয়োজন মেটানো ছিল কষ্টকর। শিশুদের জন্য পুষ্টিকর খাবার জোগাড় করা ছিল স্বপ্নের মতো। রেখার মনে প্রবল ইচ্ছা ছিল নিজে কিছু আয় করে স্বামীর পাশে দাঁড়ানোর। কিন্তু তাদের অল্প জমি ছাড়া আর কোনো মূলধন ছিল না। উপরন্তু, জমির লবণাক্ততা বেড়ে যাওয়ার কারণে চাষাবাদ করতে না পারায় তাঁর পরিবার ক্রমেই অভাবে নিমজ্জিত হয়ে পড়ছিল।

রেখার জীবনে পরিবর্তনের শুরু হয় যখন তিনি RHL প্রকল্পের কথা জানতে পারেন। ‘জলবায়ু পরিবর্তন অভিযোজন দল’ (Climate Change Adaptation Group - CCAG)-এর একজন উপকারভোগী

হিসেবে নির্বাচিত হওয়ার পর তিনি RHL প্রকল্পের মাধ্যমে কাঁকড়া চাষের প্রশিক্ষণ গ্রহণ করেন। কীভাবে কাঁকড়া প্রজাতি নির্বাচন করতে হয়, ঘের প্রস্তুত করতে হয়, খাবার ব্যবস্থাপনা, রোগ নিয়ন্ত্রণ এবং বাজারে বিক্রি করতে হয় সবকিছু হাতে কলমে শিখে নেন। প্রশিক্ষণ শেষে তিনি বাড়ির পাশেই একটি ছোট ঘের তৈরি করেন।

শুরুর কয়েক মাস ছিল ঝুঁকিপূর্ণ। তবে নিয়মিত পানি পরিবর্তন, মানসম্মত খাবার, সময়মতো কাঁকড়া আহরণ এবং কারিগরি সহায়তার ফলে অল্প সময়েই ফল আসতে শুরু করে। তিন থেকে চার মাসের মধ্যেই তাঁর আয় শুরু হয়। আয়ের সঙ্গে সঙ্গে তাঁর আত্মবিশ্বাসও বেড়ে যায়।

কাঁকড়া খামার আরও বড় করতে তিনি প্রকল্প থেকে ১৫ হাজার টাকা আর্থিক সহায়তা নেন। এখন তিনি বছরে চারটি চক্রে কাঁকড়া চাষ করেন। এ পর্যন্ত তাঁর মোট মুনাফা দাঁড়িয়েছে ১ লাখ ৩৩ হাজার টাকা। এই অতিরিক্ত আয়ে তিনি এখন পরিবারের জন্য পুষ্টিকর খাবার কিনতে পারেন, সন্তানদের স্কুলের বেতন সময়মতো পরিশোধ করেন এবং নিশ্চিত সংসারের প্রয়োজন মেটান। তিনি নিয়মিত অল্প অল্প করে সঞ্চয়ও করছেন, যাতে পরিবার নিয়ে স্বাবলম্বী জীবন যাপন করা যায় এবং



বিপদাপদ মোকাবেলা করার সামর্থ্য বৃদ্ধি পায়।

রেখার সাফল্য এখন আশপাশের অন্য নারীদেরও অনুপ্রাণিত করছে। তিনি বিশ্বাস করেন, সঠিক সহায়তা পেলে উপকূলীয় নারীরাও টেকসই জীবিকা গড়ে তুলতে পারে।

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) বাংলাদেশের জলবায়ু ঝুঁকিপূর্ণ উপকূলীয় দরিদ্র জনগোষ্ঠীর জন্য দুর্যোগ সহনশীল আবাসন ও জীবিকা উন্নয়নে উপকূলীয় ৭টি জেলায় Resilient Homestead and Livelihood Support to the Vulnerable Coastal People of Bangladesh (RHL) প্রকল্প বাস্তবায়ন করছে। পাঁচ বছর মেয়াদি প্রকল্পটির অভিযোজনমূলক কার্যক্রমের মধ্যে অন্যতম হলো জলবায়ু পরিবর্তন সহিষ্ণু বসতভিটা নির্মাণ, লবণাক্ত পরিবেশে টেকসই জীবিকা চর্চা, যেমন - কাঁকড়া চাষ, মাচা পদ্ধতিতে ছাগল/ভেড়া পালন, লবণাক্ততা সহনশীল সবজি চাষ, এবং বৃক্ষরোপণ।

উপদেশক:

মোঃ ফজলুল কাদের

ব্যবস্থাপনা পরিচালক, পিকেএসএফ

ড. ফজলে রাব্বি ছাদেক আহমাদ

উপ-ব্যবস্থাপনা পরিচালক, পিকেএসএফ

সম্পাদনা পরিষদ:

ড. একেএম নুরুজ্জামান

মোঃ আবু নাসির খান

মোঃ শামীম ইফতেখার

যোগাযোগ:

প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট

RHL প্রকল্প, পিকেএসএফ



পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

পিকেএসএফ ভবন - ১, ই-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শের-ই-বাংলা নগর, ঢাকা

ফোন: ৮৮০-২-৮১৮১১৬৯, ৮১৮১৬৬৪-৬৯

ফ্যাক্স: ৮৮০-২-৮১৮১৬৭৮

ই-মেইল: pkssf@pkssf.org.bd

ওয়েব সাইট: www.pkssf.org.bd

ফেসবুক: www.facebook.com/PKSF.org

